

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০২২.২০১৩ - ৩৬

তারিখঃ ২৫.০১.২০১৪ খ্রিঃ


আদেশ

যেহেতু, ডাঃ এম এম সুমনুল হক(১২৫১১১), সহকারী সার্জন, নিশ্চিন্তাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কাজীপুর সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৬.০১.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা পূর্বক ডাঃ এম এম সুমনুল হক(১২৫১১১), সহকারী সার্জন, নিশ্চিন্তাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কাজীপুর, সিরাজগঞ্জ কে তাঁর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
ভেজপাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০২২.২০১৩- ৩৬/১ (২)

তারিখঃ-২৫.০১.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক(এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। উপ-সচিব(পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র সহকারী সচিব(পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাজীপুর, সিরাজগঞ্জ।
- ৯। ডাঃ এম এম সুমনুল হক(১২৫১১১), সহকারী সার্জন, নিশ্চিন্তাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কাজীপুর, সিরাজগঞ্জ।


(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১০২.২০১৩- ৪৬

তারিখঃ ২০.০১.২০১৪ খ্রিঃ


আদেশ

যেহেতু ডাঃ মোঃ মোফাজ্জল শরীফ, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫/০১/২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি;

এক্ষণে, সেহেতু ডাঃ মোঃ মোফাজ্জল শরীফ, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২) (বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ০১ (এক) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১০২.২০১৩- ৪৬/১ (২)

তারিখঃ ২০.০১.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করার জন্য অনু রোধ করা হল)।
- ২। পরিচালক (এম আইএস) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, নাটোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপ-সচিব, পার-৩ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর।
- ৯। ডাঃ মোঃ মোফাজ্জল শরীফ, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাগাতিপাড়া, নাটোর।


(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮

Sasdisc2@mohfw.gov.bd